## অধ্যায় ১০

## এশিয়া মহাদেশ

### ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান ও জলবায়ু সম্পর্কে
- এশিয়া মহাদেশের খাদ্যশস্য, অর্থকরী ফসল, খনিজদ্রব্য ও শিল্প সম্পর্কে

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

এশিয়া মহাদেশ পৃথিবীর উত্তর গোলার্ধে অবস্থিত। পৃথিবীর মোট স্থলভাগের প্রায় তিন ভাগের এক ভাগ জায়গাজুড়ে এ মহাদেশের অবস্থান। এই মহাদেশ কেবল আয়তনে নয়, জনসংখ্যার দিক থেকেও পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ। বাংলাদেশ এশিয়া মহাদেশের দক্ষিণ-পূর্ব দিকে অবস্থিত। এ মহাদেশে ৪৭টি দেশ আছে। দেশ ভেদে জলবায়ুও এখানে ভিন্ন। নদী, ফসল, খনিজদ্রব্যসহ বিচিত্র সম্পদে এশিয়া মহাদেশ ভরপুর। শিল্প খাতেও এ মহাদেশ যথেষ্ট উন্নত।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. বাংলাদেশ ব্যতীত এশিয়া মহাদেশের দুইটি দেশের নাম লেখ।**

**উত্তর :** বাংলাদেশ ব্যতীত এশিয়া মহাদেশের দুইটি দেশের নাম হলো পাকিস্তান ও ভারত।

**২. এশিয়া মহাদেশে অবস্থিত দুইটি মহাসাগরের নাম লেখ।**

**উত্তর :** এশিয়া মহাদেশে অবস্থিত দুইটি মহাসাগর হলো উত্তর মহাসাগর এবং ভারত মহাসাগর।

**৩. এশিয়ার দুইটি প্রধান ফসলের নাম লেখ।**

**উত্তর :** এশিয়ার দুইটি প্রধান ফসল হলো ধান ও পাট।

**৪. এশিয়া মহাদেশে দুইটি প্রাণীর নাম লেখ।**

**উত্তর :** এশিয়া মহাদেশে দুইটি প্রাণীর নাম হলো বাঘ ও হাতি।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. এশিয়া কী কী কারণে বিশ্বের বৃহত্তম মহাদেশ?**

**উত্তর :** এশিয়া আয়তনে ও জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম মহাদেশ। এশিয়া মহাদেশ পৃথিবীর উত্তর গোলার্ধে অবস্থিত। পৃথিবীর মোট স্থলভাগের প্রায় তিন ভাগের এক ভাগ এলাকা জুড়ে এশিয়া মহাদেশ অবস্থিত। এটি কেবল আয়তন নয়, জনসংখ্যার দিক থেকেও পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ। পৃথিবীর প্রায় ৬০ ভাগ লোক এখানে বাস করে।

**২. এশিয়ার জলবায়ুর প্রকৃতি বর্ণনা কর।**

**উত্তর :** এশিয়া একটি বিশাল মহাদেশ। তাই এর বিভিন্ন জলবায়ু বিভিন্ন ধরনের। যেমন- ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায় সারা বছর তাপমাত্রা বেশি থাকে এবং বৃষ্টিপাত হয়। বাংলাদেশ ও আশেপাশের দেশগুলোতে মৌসুমি বায়ুর প্রভাবে গ্রীষ্মকালে অনেক বৃষ্টিপাত হয় এবং শীতকালে বৃষ্টি প্রায় হয়ই না। এশিয়ার মাঝখানে আছে মরুভূমি। মরুভূমিতে আবহাওয়া খুব গরম এবং বৃষ্টিপাত প্রায় হয় না। কোনো কোনো অঞ্চলে (ইরান, ইরাক, জর্ডান, ইসরায়েল প্রভৃতি দেশ) শীতকালে বৃষ্টি হয়, কিন্তু গ্রীষ্মকালে বৃষ্টি হয় না। এশিয়ার উত্তরে সাইবেরিয়া অবস্থিত। সাইবেরিয়া ও এর আশেপাশের এলাকা খুব ঠান্ডা। তীব্র শীতের কারণে সেখানে কোথাও কোথাও তুষারপাত হয়।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম পাশের কথাগুলোর সাথে ডান পাশের কথাগুলোর মিল কর:

| | |
|---|---|
| ক. এশিয়ায় সারা বছর বৃষ্টিপাত হয় | চীনে। |
| খ. ঠান্ডা ও তীব্র তুষারপাত হয় | এশিয়া মহাদেশে। |

| | |
|---|---|
| গ. ইয়াংজি নদী অবস্থিত | গম উৎপাদনে। |
| ঘ. পৃথিবীর অধিকাংশ ধান উৎপাদিত হয় | ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায় |
| ঙ. এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম | সাইবেরিয়া অঞ্চলে। |

**উত্তর :**

ক. এশিয়ায় সারা বছর বৃষ্টিপাত হয় **ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায়।**

খ. ঠান্ডা ও তীব্র শীতে তুষারপাত হয় **সাইবেরিয়া অঞ্চলে।**

গ. ইয়াংজি নদী অবস্থিত **চীনে।**

ঘ. পৃথিবীর অধিকাংশ ধান উৎপাদিত হয় **এশিয়া মহাদেশে।**

ঙ. এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম **গম উৎপাদনে।**

❑ **শুদ্ধ/অশুদ্ধ নির্ণয় কর :**

ক) মসলা উৎপাদনে এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম।

খ) এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংজি চীনে অবস্থিত।

গ) সাইবেরিয়ায় তুষারপাত হয়।

ঘ) এশিয়ার পূর্বে ভারত মহাসাগর।

ঙ) এশিয়া মহাদেশে মোট দেশের সংখ্যা ৫৭টি।

**উত্তর : ক)** 'অশুদ্ধ' **খ)** 'শুদ্ধ' **গ)** 'শুদ্ধ' **ঘ)** 'অশুদ্ধ' **ঙ)** 'অশুদ্ধ'।

❑ **শূন্যস্থান পূরণ কর :**

ক) এশিয়ার মাঝখানে আছে ——।

খ) এশিয়া —— বৃহত্তম মহাদেশ।

গ) এশিয়ার উত্তরে —— অবস্থিত।

ঘ) এশিয়া মহাদেশে প্রচুর —— রয়েছে।

ঙ) —— এশিয়া মহাদেশ যথেষ্ট উন্নত।

**উত্তর : ক)** মরুভূমি **খ)** পৃথিবীর **গ)** সাইবেরিয়া **ঘ)** খনিজদ্রব্য **ঙ)** শিল্পে।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### বৃহত্তম মহাদেশ

➲ <u>সাধারণ</u>

১. **জনসংখ্যার দিক দিয়ে পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?** ⓖ
ক. আমেরিকা খ. ইউরোপ
গ. এশিয়া ঘ. আফ্রিকা

২. **এশিয়ার কোন দেশে সারা বছর তাপমাত্রা বেশি থাকে এবং বৃষ্টিপাত হয়?** ⓚ
ক. বাংলাদেশ খ. মালয়েশিয়া
গ. ভারত ঘ. পাকিস্তান

৩. **ইয়াংজি নদী এশিয়ার কোন দেশে অবস্থিত?** ⓖ
ক. জাপান খ. উত্তর কোরিয়া
গ. ইন্দোনেশিয়া ঘ. চীন

৪. **এশিয়া মানচিত্রের কোন দিকে মরুভূমি রয়েছে?** ঘ
ক পূর্ব দিকে খ পশ্চিম দিকে
গ উত্তর দিকে ঘ মাঝখানে

৫. **সাইবেরিয়া এশিয়ার কোন অংশে অবস্থিত?** গ
ক পূর্বে খ পশ্চিমে
গ উত্তরে ঘ দক্ষিণে

৬. **আয়তনে পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?** গ
ক ইউরোপ খ আমেরিকা
গ এশিয়া ঘ আফ্রিকা

৭. **পৃথিবীর কতভাগ মানুষ এশিয়া মহাদেশে বাস করে?** গ
ক ৪০ ভাগ খ ৫০ ভাগ
গ ৬০ ভাগ ঘ ৭০ ভাগ

৮. **এশিয়া মোট কয়টি দেশ আছে?** ঘ
ক ৪১টি খ ৪৩টি
গ ৪৫টি ঘ ৪৭টি

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল :** এশিয়া মহাদেশের বিশেষত্ব সম্পর্কে জানতে পারব।

৯. **তোমার কলম বন্ধু এশিয়ার একটি দেশে থাকে। সেই দেশে গ্রীষ্মকালে বৃষ্টি হয় না। উক্ত দেশের নাম কী?** ক
ক ইরাক খ বাংলাদেশ

ⓖ পাকিস্তান ⓖ মালদ্বীপ

১০. ‘ক’ এশিয়ার মাঝখানে একটি দেশে বাস করে। সেখানকার আবহাওয়া খুব গরম হওয়ার কারণ কী? **গ**

ⓚ বৈরী আবহাওয়া ⓚ গাছপালার স্বল্পতা

ⓖ মরুভূমির উপস্থিতি ⓖ পাহাড়ের অবস্থান

## এশিয়ার বিভিন্ন সম্পদ

➲ সাধারণ

১১. গম উৎপাদনে পৃথিবীতে প্রথম কোন মহাদেশ? **ক**

ⓚ এশিয়া ⓚ আফ্রিকা

ⓖ উত্তর আমেরিকা ⓖ দক্ষিণ আমেরিকা

১২. কোনটি উৎপাদনে এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম? **ক**

ক. ধান খ. তুলা

গ. কফি ঘ. রবার

১৩. কোন খাদ্যশস্য উৎপাদনে এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম? **ক**

ক. গম খ. ভুট্টা

গ. নারিকেল ঘ. পাট

১৪. এশিয়ার প্রধান অর্থকরী ফসল কোনটি? **গ**

ক. আখ খ. রেশম

গ. তুলা ঘ. কফি

১৫. কাফকো সার কারখানা বাংলাদেশের কোথায় অবস্থিত? **খ**

ক. খুলনায় খ. চট্টগ্রামে

গ. ঢাকায় ঘ. সিলেটে

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** এশিয়ার খাদ্যশস্য সম্পর্কে জানতে পারব।

১৬. তোমার এলাকায় উৎপাদিত খাদ্যশস্যই এশিয়া মহাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয়। উক্ত খাদ্যশস্য হলো– **ক**

ⓚ ধান ⓚ ভুট্টা

ⓖ মসলা ⓖ নারিকেল

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **পৃথিবীর মোট স্থলভাগের কত ভাগ জুড়ে এশিয়া মহাদেশের অবস্থান?**

**উত্তর :** পৃথিবীর মোট স্থলভাগের প্রায় তিন ভাগের এক ভাগ এলাকাজুড়ে এশিয়া মহাদেশের অবস্থান।

২. **এশিয়ার দীর্ঘতম নদীর নাম কী?**

**উত্তর :** এশিয়ার দীর্ঘতম নদীর নাম হলো ইয়াংজি।

৩. **সাইবেরিয়া কোথায় অবস্থিত?**

**উত্তর :** সাইবেরিয়া এশিয়ার উত্তরে অবস্থিত।

৪. **কী উৎপাদনে এশিয়া মহাদেশ বিখ্যাত?**

**উত্তর :** মসলা উৎপাদনে এশিয়া মহাদেশ বিখ্যাত।

৫. **দক্ষিণ এশিয়ার ৫টি শিল্পোন্নত দেশের নাম উল্লেখ কর।**

**উত্তর :** দক্ষিণ এশিয়ার পাঁচটি শিল্পোন্নত দেশের নাম হলো :

ক) চীন খ) ভারত গ) জাপান ঘ) মালয়েশিয়া ঙ) দক্ষিণ কোরিয়া।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ সাধারণ

১. **এশিয়া মহাদেশের অবস্থান ৫টি বাক্যে লিখ।**

**উত্তর :**

র) এশিয়া মহাদেশ পৃথিবীর উত্তর গোলার্ধে অবস্থিত।

রর) পৃথিবীর মোট স্থলভাগের প্রায় তিন ভাগের এক ভাগ এলাকাজুড়ে এ মহাদেশ অবস্থিত।

ররর) এশিয়ার উত্তরে উত্তর মহাসাগর, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্বে প্রশান্ত মহাসাগর

রা) সাইবেরিয়া এশিয়ার উত্তরে অবস্থিত।

া) এশিয়ার পশ্চিমে ইউরোপ মহাদেশ ও ভূমধ্যসাগর রয়েছে।

২. **এশিয়া মহাদেশের জলবায়ুর পাঁচটি ধরন উল্লেখ কর।**

**উত্তর :** এশিয়া একটি বিশাল মহাদেশ। তাই এর বিভিন্ন অংশের জলবায়ু বিভিন্ন ধরনের। যেমন–

র) ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায় সারা বছর তাপমাত্রা বেশি থাকে এবং বৃষ্টিপাত হয়।

রর) বাংলাদেশ ও এর আশপাশের দেশগুলোতে গ্রীষ্মকালে অনেক বৃষ্টিপাত হয়।

ররর) এশিয়ার মাঝখানে রয়েছে মরুভূমি। সেখানকার আবহাওয়া খুব গরম এবং বৃষ্টিপাত প্রায় হয়ই না।

রা) ইরান, ইরাক, জর্ডান ও ইসরায়েলে শীতকালে বৃষ্টি হয়, কিন্তু গ্রীষ্মকালে বৃষ্টি হয় না।

ঘ) এশিয়ার সাইবেরিয়া ও এর আশপাশের এলাকা খুব ঠাণ্ডা। তীব্র শীতে সেখানে তুষারপাতও হয়।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**৩. তুমি বাংলাদেশে বাস কর। তোমার দেশটি কোন মহাদেশের অন্তর্গত? উক্ত মহাদেশের পাঁচটি বিশেষ দিক উল্লেখ কর।**

উত্তর : বাংলাদেশ এশিয়া মহাদেশের অন্তর্গত একটি দেশ। এই মহাদেশের পাঁচটি দিক হলো :

ক) এশিয়া মহাদেশ পৃথিবীর বৃহত্তম মহাদেশ।

খ) পৃথিবীর ৬০ ভাগ লোক এ মহাদেশে বাস করে।

গ) ধান ও গম উৎপাদনে এশিয়া পৃথিবীর মধ্যে প্রথম।

ঘ) পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ হিমালয় পর্বত এশিয়া মহাদেশে অবস্থিত।

ঙ) মসলা উৎপাদনে এশিয়া মহাদেশ বিখ্যাত।